বিজ এর ত্রৈ-মাসিক মুখপত্র

# মাঠচিত্র

১১৩

BEES NEWSLETTER

জানুয়ারী ২০২৩

প্রধান পৃষ্ঠপোষকঃ
**সাইফুল ইসলাম (রবিন)**
প্রতিষ্ঠাতা ও ইডিসি, বিজ

সম্পাদকঃ
**ইকবাল আহাম্মদ**
নির্বাহী পরিচালক, বিজ

নির্বাহী সম্পাদকঃ
**কাবেরী সুলতানা**
উপ-পরিচালক (রিসার্চ এন্ড ডকুমেন্টেশন), বিজ

সহকারী সম্পাদকঃ
**রাকিব হাসান**
সিনিয়র ডকুমেন্টেশন অফিসার, বিজ

শিল্প নির্দেশনা ও গ্রাফিক্সঃ
**নূর ফাতিহা তাহিয়াত**
সিনিয়র ম্যানেজার (রিসার্চ), বিজ





## সম্পাদকীয়

জীবনমান উন্নয়ন ও টেকসই বিশ্ব গড়তে কৃষি, স্বাস্থ্য, শিক্ষা ইত্যাদি বিষয়ে উন্নয়ন ভাবনা আবশ্যক। এই বিষয়গুলোকে মাথায় রেখে বিজ এর ত্রৈমাসিক মুখপত্র মাঠচিত্র সাজানো হয়। এ সংখ্যায় বিজ এর 'কর্মী সম্মেলন' নিয়ে আলোচনা করা হয়েছে। এছাড়াও বাংলাদেশের দরিদ্র জনগোষ্ঠীর উন্নয়নে বিজ এর বেশ কিছু উদ্যোগের চিত্র তুলে ধরা হয়েছে। বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) প্রতিষ্ঠালগ্ন থেকে নানাবিধ কর্মসূচির মাধ্যমে দরিদ্র মানুষের আর্থসামাজিক উন্নয়নে কাজ করে আসছে। চার দশকের অভিযাত্রায় বিজ মানুষের জীবনমান উন্নয়ন, স্বাস্থ্য উন্নয়নে বদ্ধপরিকর, যা গ্রামীণ জনগোষ্ঠীর অর্থনৈতিক ক্ষমতায়নে গুরুত্বপূর্ন ভূমিকা পালন করছে। সমাজের দরিদ্র ও সুবিধা বঞ্চিত মানুষ এই সহায়তা নিয়ে তাদের জীবনে ইতিবাচক পরিবর্তন আনার জন্য চেষ্টা চালিয়ে যাচ্ছে। বিজ এর উন্নয়ন কর্মকান্ডের সেসব নিবন্ধ মাঠচিত্রের এ সংখ্যায় প্রকাশিত হল।

(প্রকাশিত প্রবন্ধ সমূহের মতামতের জন্য সম্পাদকবৃন্দ দায়ী নন।)

ইকবাল আহাম্মদ
**নির্বাহী পরিচালক, বিজ**

## ভিতরে যা যা থাকছে

- শেখ রাসেলের ৫৮ তম জন্মবার্ষিকী পালন
- কর্মকর্তা সম্মেলন-২০২২
- সমন্বয় সভা - BD Rural Wash for HCD
- বিশ্ব হাত ধোয়া দিবস-২০২২ পালন
- কৃষি কর্মসূচীর অর্জনসমূহের কিছু অংশ
- মানবসেবার অগ্রযাত্রায় বিজ
- বঙ্গবন্ধু শিক্ষাবৃত্তি প্রদান ও কৈশোর কর্মসূচি - ক্লাব গঠন
- বুনিয়াদী ও দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ
- প্রাক প্রাথমিক স্কুল কেন্দ্রে স্বাস্থ্য চেকআপ
- প্রাক প্রাথমিক শিক্ষা সহায়কগনের প্রশিক্ষণ
- প্রাথমিক বিদ্যালয় সংস্করন
- আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস পালন
- স্বাস্থ্য বার্তা - ডায়াবেটিসঃ একটি নিরব ঘাতক

**জাতীয় দিবস উদযাপন**

# শেখ রাসেলের ৫৮ তম জন্মবার্ষিকী পালন



বিজ এর কর্মকর্তাগণ 'শেখ রাসেল দিবস ২০২২' পালনের অংশ হিসেবে প্রধান কার্যালয়ে শেখ রাসেলের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন।



বিজ এর কর্মকর্তাগণ 'শেখ রাসেল দিবস ২০২২' পালনের অংশ হিসেবে অনুষ্ঠিত দোয়া মাহফিল এ অংশগ্রহণ করেন।

বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি এবং জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের ৫৮ তম জন্মবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় পালন করেছে। দিবসটি উদযাপন উপলক্ষে প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তা ও কর্মচারীগণ প্রধান কার্যালয়ে শেখ রাসেলের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন।

এরপর বিজ প্রধান কার্যালয় মিলনায়তনে 'শেখ রাসেল দিবস ২০২২' পালনের অংশ হিসেবে অনুষ্ঠিত আলোচনা ও দোয়া মাহফিলে প্রতিষ্ঠানের ভারপ্রাপ্ত নির্বাহী পরিচালক জনাব ইকবাল আহাম্মদ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর কনিষ্ঠ পুত্র শহিদ শেখ রাসেলকে শ্রদ্ধাভরে স্মরণ করেন। আলোচনা সভায় আরও বক্তব্য রাখেন জনাব মোঃ মজিবুর রহমান, উপ নির্বাহী পরিচালক (অপারেশন), জনাব মোঃ আব্দুস সালাম, পরিচালক (প্রশিক্ষণ ও মানবসম্পদ) প্রমুখ।

উক্ত দোয়া মাহফিলে শহিদ শেখ রাসেল সহ বঙ্গবন্ধু পরিবারের অন্যান্য সদস্যদের বিদেহী আত্মার প্রতি শ্রদ্ধা জানিয়ে মহান আল্লাহপাকের দরবারে মাগফেরাত কামনা ও মোনাজাত করা হয়।

**ক্ষুদ্রঋণ সেবা**

# কর্মকর্তা সম্মেলন-২০২২

প্রতি বছরের ন্যায় এ বছরেও বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) এর প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক কর্তৃক বিজ এর ২৪টি জোনে ক্রমান্বয়ে সারা দেশব্যাপী "কর্মকর্তা সম্মেলন-২০২২" শেষ হয়েছে। ২০ আগস্ট ২০২২ এ জয়পাড়া জোন (ঢাকা-২) থেকে শুরু হওয়া এই সম্মেলন শেষ হয় গত ২৩ নভেম্বর ২০২২ তারিখে নারায়ণগঞ্জ জোনের সম্মেলনের মাধ্যমে।

সংস্থার কর্মকান্ডের গুনগত মান বাড়ানো এবং কাজের পরিধি বিস্তৃত করা, স্টাফদের কমিটমেন্ট বৃদ্ধি এবং পারস্পরিক মত বিনিময় করার উদ্দেশ্য নিয়ে আয়োজিত সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব সাইফুল ইসলাম রবিন, প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক, বিজ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব ইকবাল আহাম্মদ, চীফ অপারেটিং অফিসার, বিজ এবং জনাব মোঃ মঞ্জুরুল ইসলাম, হেড অব মাইক্রোফাইন্যান্স, বিজ।

এই সম্মেলনে বিজ এর মাঠ পর্যায়ের সমস্যা সমূহ পর্যালোচনা করে তা উত্তরণের উপায় নিয়েও আলোচনা হয়। সারা দেশে বিজ কর্ম এলাকার মোট ১২ টি স্থানে এ সম্মেলনের আয়োজন করা হয়।

উক্ত সম্মেলনে বিজ এর টিম লিডার, জোনাল ম্যানেজার, সাব জোনাল ম্যানেজার, কমপ্লায়েন্স অফিসার, ব্রাঞ্চ ম্যানেজার, ফিল্ড অফিসার, একাউন্টস অফিসার এবং কমিউনিটি হেলথ অফিসার পদের কর্মকর্তাদের স্বতস্ফূর্ত অংশগ্রহন ছিল।



বিজ এর ঊর্ধ্বতন কর্মকর্তাগণের এক সাথে প্রতিশ্রুতিবদ্ধ হওয়ার দৃশ্য


বিজ এর বিভিন্ন জোনের কর্মকর্তাদের এক সাথে প্রতিশ্রুতিবদ্ধ হওয়ার দৃশ্য

রুরাল ওয়াশ প্রোগ্রাম

# সমন্বয় সভা



রামগঞ্জ উপজেলা সমন্বয় সভায় বক্তব্য রাখছেন ডাঃ নুসরাত জাহান, সিনিয়র সহকারী পরিচালক (স্বাস্থ্য), বিজ।

লক্ষীপুর জেলার রামগঞ্জ উপজেলায় গত ৩০/১০/২০২২ তারিখে **BD Rural Wash for HCD** প্রকল্পের আওতায় রামগঞ্জ উপজেলা সমন্বয় সভা অনুষ্ঠিত হয় । উক্ত সভার আয়োজক ছিল বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) এবং সহযোগীতায় ছিল প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)। সভায় আলোচনার মূল বিষয়বস্তু ছিল প্রকল্পের লক্ষ্যমাত্রা মোতাবেক কর্ম এলাকায় কার্যক্রমের অগ্রগতি, বিসিসি প্রচারণা, নথিপত্র সংরক্ষন ও পরবর্তী করণীয়।
উক্ত সভায় উপস্থিত ছিলেন জনাব মুকুল মালাকার, উপ-ব্যবস্থাপক (কার্যক্রম) পিকেএসএফ এবং ডাঃ নুসরাত জাহান, সিনিয়র সহকারী পরিচালক (স্বাস্থ্য) বিজ। এছাড়াও বিজ এর ও প্রকল্পের আওতাধীন স্থানীয় বেসরকারী সংস্থার বিভিন্ন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।




অতিথিদের হাত থেকে 'বেষ্ট পারফর্মার' হিসেবে পুরস্কার নিচ্ছেন হীড বাংলাদেশের একজন প্রতিনিধি

হবিগঞ্জ জেলার মাধবপুর উপজেলায় প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন এর সহযোগীতায় **BD Rural Wash for HCD** প্রকল্পের আওতায় একটি সমন্বয় সভার আয়োজন করে বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ)। গত ২২/১১/২০২২ তারিখে উক্ত সভায় অংশগ্রহণ করেন প্রকল্পের আওতাধীন স্থানীয় বিভিন্ন বেসরকারী সংস্থার প্রতিনিধিবৃন্দ। উক্ত সভার আলোচনার মূল বিষয়বস্তু ছিল উপজেলার সকল শাখায় নিরাপদ পানি ও স্যানিটেশন কার্যক্রমের অগ্রগতি, মাঠ পর্যায়ে কার্যক্রমের মনিটরিং ও বিভিন্ন ক্ষেত্রে প্রয়োজনীয় সমন্বয় সাধন।
সভা শেষে অংশগ্রহণকারী সকল সংস্থার পারফর্মেন্স পর্যালোচনাপূর্বক বেষ্ট পারফর্মার হিসেবে পাতাকুঁড়ি, হিড বাংলাদেশ ও টিএমএসএস এই ৩টি সংস্থাকে পুরস্কার প্রদান করা হয়।

# বিশ্ব হাত ধোয়া দিবস-২০২২ পালন

গাইবান্ধায় বিশ্ব হাত ধোয়া দিবস ২০২২ উদযাপন করা হয়েছে। গত ১৬ অক্টোবর গাইবান্ধা জেলা প্রশাসন কার্যালয় প্রাঙ্গণে দিবসটি উপলক্ষে র‍্যালি, হাত ধোয়া বিষয়ে আলোচনা এবং হাত ধোয়া প্রদর্শনী ও অনুশীলন করা হয়।

“হাতের পরিচ্ছন্নতায় এসো সবে এক হই” এই প্রতিপাদ্য বিষয়ে গাইবান্ধায় জেলা প্রশাসন, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর গাইবান্ধা ও বিজ সহ ২০'টি এনজিও (বিজ, আশা, ব্র্যাক, গাক, টিএমএসএস, প্রশিকা, উদ্দীপন ইত্যাদি) এর যৌথ আয়োজনে বিশ্ব হাত ধোয়া দিবস-২০২২ উদযাপন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জনাব মোঃ সাদেকুর রহমান, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), গাইবান্ধা সদর।

অনুষ্ঠানের অংশ হিসেবে জেলা প্রশাসনের অন্যান্য কর্মকর্তা, শিক্ষা অফিসের কর্মকর্তা, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর গাইবান্ধা ও বিজ সহ অন্যান্য এনজিও কর্মকর্তা ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষার্থীবৃন্দ, সামাজিক ও সাবেক ক্যাডেটবৃন্দ র‍্যালিতে অংশ নেয়। র‍্যালি শেষে গাইবান্ধা জেলা প্রশাসন কার্যালয়ে শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের হাত ধোয়া বিষয়ে ধারণা দেওয়া হয়।

অনুষ্ঠানে অংশগ্রহণকারীদের মাঝে টি-শার্ট ও মাস্ক বিতরণ করা হয়। এছাড়া স্থানীয় শ্রমজীবী মানুষের মাঝে হাত ধোয়ার সাবান, ও মাস্ক এবং সঠিকভাবে হাত ধোয়ার কৌশল সম্বলিত লিফলেট বিতরণ করা হয়।



বিশ্ব হাত ধোয়া দিবস-২০২২ এ আলোচনা অনুষ্ঠান



বিজ এর কর্মকর্তাগণ সঠিকভাবে হাত ধোয়ার কৌশল দেখাচ্ছেন


বিজ এর পক্ষ থেকে সঠিকভাবে হাত ধোয়ার কৌশল সম্বলিত লিফলেট বিতরণ করা হচ্ছে

**কৃষি সেবা**

# কৃষি কর্মসূচীর অর্জনসমূহের কিছু অংশ




জনাব মজিবুর রহমান, উপ-নির্বাহী পরিচালক (অপারেশন) কৃষি কর্মসূচির আওতায় গাইবান্ধা জেলার সাদুল্লাপুরে সবজি প্রদর্শনী পরিদর্শন করছেন।


বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) এর কৃষি কর্মসূচীর আওতায় বিগত ২০২২ সালের অক্টোবর-ডিসেম্বর সময়ে বার্ষিক পরিকল্পনা অনুসারে কর্ম এলাকায় নির্বাচিত কৃষক দ্বারা ৪ টি ক্ষুদ্র কৃষি খামার, ১২ টি পারিবারিক সবজি বাগান, ১০ টি সবজি প্রদর্শনী, ৪ টি জিংক সমৃদ্ধ উচ্চ ফলনশীল ধানের প্রদর্শনী, ৭ টি কম্পোষ্ট, ১০ টি উন্নত পদ্ধতিতে গোবর সংরক্ষণ প্রদর্শনী এবং ১৭৫ মেট্রিক টন কেঁচো সার উৎপাদন করা হয়েছে। এছাড়া ৪ টি উন্নত জাতের গরুর খামার স্থাপন করা হয়েছে।

**নতুন কর্ম এলাকা**

# মানবসেবার অগ্রযাত্রায় বিজ

বিজ এর কর্ম পরিধি উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। অক্টোবর থেকে ডিসেম্বর ২০২২ পর্যন্ত নিম্নের মোট ৮ টি জোনে ৮ টি নতুন শাখায় কর্মকান্ড শুরু হয়েছে।

| ক্রমিক নং | জোন অফিস | শাখা অফিস |
|---|---|---|
| ১ | নাটোর | সিংড়া |
| ২ | চুয়াডাঙ্গা | গাংনী |
| ৩ | পলাশবাড়ী | বোর্ড বাজার |
| ৪ | ফরিদপুর | বোয়ালমারী |
| ৫ | গাজিপুর | লাউহাটী |
| ৬ | কুমিল্লা | চৌদ্দগ্রাম |
| ৭ | নোয়াখালী | মতলব উত্তর |
| ৮ | নরসিংদী | পাকুন্দিয়া |




## নোটিশ

বিজ এর কার্যনির্বাহী পরিষদের সদস্যবৃন্দের উপস্থিতিতে আয়োজিত বিশেষ সভায় সভাসদগণের সম্মতিক্রমে সংস্থার এক নতুন গঠনতন্ত্র অনুমোদিত হয়। উক্ত গঠনতন্ত্র মোতাবেক, জনাব ইকবাল আহাম্মদ সংস্থার নির্বাহী পরিচালক পদে দায়িত্ব প্রাপ্ত হন, যা ০১/০১/২০২৩ তারিখ থেকে কার্যকর হবে। উল্লেখ্য যে, নির্বাহী পরিচালক (বর্তমান), জনাব সাইফুল ইসলাম রবিন, এই নতুন গঠনতন্ত্র মোতাবেক ০১/০১/২০২৩ তারিখ হতে সংস্থার 'এক্সিকিউটিভ ভাইস-চেয়ারম্যান (ইভিসি)' পদে দায়িত্ব পালন করবেন।

**শিক্ষা সেবা ও কৈশোর কর্মসূচি**

# বঙ্গবন্ধু শিক্ষাবৃত্তি প্রদান

মুজিব জন্মশতবর্ষ উদযাপনের অংশ হিসেবে মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি (এমআরএ) এর আহবানে সাড়া দিয়ে 'বঙ্গবন্ধু উচ্চশিক্ষা বৃত্তি' কর্মসূচি গ্রহণ করেছে বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ)। এই কর্মসূচির আওতায় পাবলিক বিশ্ববিদ্যালয় ও মেডিকেল কলেজের পাঁচজন মেধাবী শিক্ষার্থীকে শিক্ষাবৃত্তি প্রদান করা শুরু করেছে বিজ। গত ১৩ ডিসেম্বর ২০২২ তারিখে বিজ এর বগুড়া সদর শাখা কার্যালয়ে শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজে অধ্যয়নরত পাঁচ জন শিক্ষার্থীর মাঝে বঙ্গবন্ধু উচ্চ শিক্ষাবৃত্তি প্রদান করা হয়। বৃত্তির এই অর্থ শিক্ষার্থীদের ব্যক্তিগত ব্যাংক অ্যাকাউন্টে প্রেরণ করা হচ্ছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডাঃ মোঃ রেজাউল আলম, প্রিন্সিপাল, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ, বগুড়া। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ কামরুজ্জামান, জোনাল ম্যানেজার, বগুড়া জোন, বিজ।





বিজ বগুড়া সদর শাখায় জিয়াউর রহমান মেডিকেল কলেজে অধ্যায়নরত পাঁচ জন শিক্ষার্থীর মাঝে বঙ্গবন্ধু উচ্চ শিক্ষা বৃত্তির চেক প্রদান

# কৈশোর কর্মসূচি - ক্লাব গঠন

কৈশোর কর্মসূচির আওতায় গোপালগঞ্জ সদর উপজেলায় ডিসেম্বর ২০২২ পর্যন্ত ১৪টি ইউনিয়নে কিশোর কিশোরীদের নিয়ে ১২৮টি ক্লাব গঠন করা হয়েছে। এগুলোর মধ্যে ৭০টি কিশোর ক্লাব এবং ৫৮টি কিশোরী ক্লাব। ওয়ার্ড পর্যায়ে প্রতিটি ক্লাবের জন্য একটি করে কমিটিও গঠন করা হয়েছে।

উল্লেখ্য যে, বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) ২০১৯ সালের জুলাই মাস থেকে গোপালগঞ্জ সদর উপজেলার ১৪টি ইউনিয়নে কৈশোর কর্মসূচি বাস্তবায়ন করে আসছে।



গোপালগঞ্জে কৈশোর কর্মসূচির আওতায় গঠিত একটি কিশোর ক্লাবের কয়েকজন সদস্য

প্রশিক্ষণ

# বুনিয়াদী ও দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ



বুনিয়াদি প্রশিক্ষণে অংশ নেওয়া ৩৭তম ব্যাচের ফিল্ড অফিসারদের উদ্দেশ্যে বক্তব্য রাখছেন জনাব সাইফুল ইসলাম রবিন, প্রতিষ্ঠাতা ও ইভিসি, বিজ।



বুনিয়াদি প্রশিক্ষণে ৩৭তম ব্যাচে অংশ নেয়া ফিল্ড অফিসারগণ

বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) এর ঢাকায় অবস্থিত প্রশিক্ষণ কেন্দ্রে গত অক্টোবর ২০২২ হতে ডিসেম্বর ২০২২ পর্যন্ত যে সকল প্রশিক্ষন সম্পন্ন হয়েছে তার একটি প্রতিবেদন প্রতিষ্ঠানের প্রশিক্ষণ ও মানবসম্পদ বিভাগ থেকে প্রকাশ করা হয়েছে।

শাখার দৈনন্দিন কার্যক্রম পরিচালনায় দক্ষতা উন্নয়নের জন্য 'বুনিয়াদী প্রশিক্ষণ' ও 'ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ' নামের এই প্রশিক্ষণগুলোতে বিভিন্ন মেয়াদে বিজ এর বিভিন্ন পদের (শাখা ব্যবস্থাপক, সহঃ শাখা ব্যবস্থাপক এবং মাঠ কর্মকর্তা) মোট ৩৭৪ জন কর্মী অংশগ্রহন করেন। পাঁচ দিন ব্যাপী এ সকল প্রশিক্ষণে বিষয়ভিত্তিক প্রশিক্ষণ দিয়ে থাকেন প্রতিষ্ঠানের বিভিন্ন বিভাগে উর্দ্ধতন পর্যায়ে কর্মরত বিজ এর দক্ষ প্রশিক্ষকবৃন্দ। এছাড়া মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথোরিটি (এমআরএ) সংক্রান্ত বিষয়াবলী নিয়ে আলোচনা করেন জনাব নুরে আলম মেহেদী, পরিচালক, এমআরএ এবং জনাব মোহাম্মদ কামাল হোসেন, উপ-পরিচালক, এমআরএ।

স্বাস্থ্য সেবা

# প্রাক-প্রাথমিক স্কুল শিক্ষার্থীদের স্বাস্থ্য চেকআপ

গাইবান্ধা জেলার পলাশবাড়ী উপজেলায় পলাশবাড়ী স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের কর্মকর্তা, সহকারী মেডিক্যাল অফিসার ও পরিবার কল্যান পরিদর্শক কর্তৃক গত ডিসেম্বর ২০২২ মাসে বিজ প্রাক প্রাথমিক স্কুল কেন্দ্রে স্বাস্থ্য চেকআপ কর্মসূচি পালন করা হয়।

পলাশবাড়ী উপজেলার ৭ টি কেন্দ্রের (লক্ষীপুর, পূর্ব দুবলা গাড়ী, ভবানীপুর, পশ্চিম গোপিনাথপুর, পূর্ব গোপালপুর, বিষ্ণুপুর, ফরকান্দাপুর) শিশুদের স্বাস্থ্য পরীক্ষা ও অভিভাবকদের পরামর্শ প্রদান করা হয়। পরিদর্শনকালে পরিদর্শকগণ প্রতিটি স্কুল কেন্দ্রে নিরাপদ পানি ও প্রয়োজনীয় স্বাস্থ্যবিধিসমূহ এবং স্বাস্থ্য সম্মত খাবার গ্রহণ সহ অন্যান্য প্রয়োজনীয় স্বাস্থ্য বিষয়ক পরামর্শ প্রদান করেন।

উক্ত স্বাস্থ্য চেকআপ কর্মসূচিতে সহযোগিতা করেন, জনাব কামরুন নাহার নেভি, কমিউনিটি হেলথ অফিসার, বিজ। কর্মসূচির সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন জনাব আব্দুল হান্নান, সুপারভাইজার, প্রাক প্রাথমিক শিক্ষা কর্মসূচি, বিজ।



বিজ প্রাক প্রাথমিক স্কুল কেন্দ্রে শিশুদের ওজন পরিমাপ করা হচ্ছে



বিজ প্রাক প্রাথমিক স্কুল কেন্দ্রে শিক্ষার্থীদের অভিভাবকগণের স্বাস্থ্য পরীক্ষা করা হচ্ছে

**শিক্ষা সেবা**

# প্রাক প্রাথমিক শিক্ষা সহায়কগনের প্রশিক্ষণ

বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) এর শিক্ষা কর্মসূচির আওতায় গাইবান্ধা জেলার পলাশবাড়ী উপজেলায় প্রাক প্রাথমিক শিক্ষা সহায়কদের একদিন ব্যাপী 'সতেজক প্রশিক্ষণ' এর আয়োজন করা হয়। গত ২১ নভেম্বর ২০২২ তারিখে পলাশবাড়ী উপজেলায় প্রশিকা ট্রেনিং সেন্টারে ২৫ জন প্রাক প্রাথমিক শিক্ষা সহায়ক সতেজক প্রশিক্ষণে অংশ গ্রহন করেন।

উক্ত প্রশিক্ষণে উপস্থিত ছিলেন জনাব শাহী মাছুমা আখতার, উপ-সহকারী পরিচালক, শিক্ষা ও সামাজিক সুরক্ষা কর্মসূচি, বিজ। এছাড়াও উপস্থিত ছিলেন জনাব মোজাহার আলী, ম্যানেজার, প্রাক প্রাথমিক শিক্ষা কর্মসূচি, বিজ এবং জনাব আব্দুল হান্নান, সুপারভাইজার, প্রাক প্রাথমিক শিক্ষা কর্মসূচি, বিজ।

প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদের মাঝে ফলদ গাছের চারা বিতরণ করেন জনাব শাহী মাছুমা আখতার, উপ-সহকারী পরিচালক, শিক্ষা ও সামাজিক সুরক্ষা কর্মসূচি, বিজ।



সতেজক প্রশিক্ষণে প্রশিক্ষণ প্রদান করছেন জনাব শাহী মাছুমা আখতার, উপ-সহকারী পরিচালক, শিক্ষা ও সামাজিক সুরক্ষা কর্মসূচি, বিজ।



সতেজক প্রশিক্ষণে অংশগ্রহনকারী প্রাক প্রাথমিক শিক্ষা সহায়কদের একাংশ

শিক্ষা সেবা

# প্রাথমিক বিদ্যালয় সংস্করন





বিদ্যালয়ের ক্ষতিগ্রস্থ রাস্তা মেরামত করার জন্য মাটি আনা ও ফেলা হচ্ছে

বাংলাদেশের উত্তর পূর্বে সিলেট বিভাগে ২০২২ সালের জুন মাসে অধিক বৃষ্টিপাতের ফলে সৃষ্ট পাহাড়ী ঢলে সুরমা, কুশিয়ারা সহ অন্যান্য নদ-নদী সমূহের পানি বৃদ্ধি পেয়ে ভয়াবহ বন্যার সৃষ্টি হয়। বন্যায় সিলেট বিভাগে সোয়া কোটি জনসংখ্যার মধ্যে ক্ষতিগ্রস্ত হয়েছেন প্রায় ৬৪ লাখ মানুষ।

উক্ত বন্যায় সুনামগঞ্জ জেলার শান্তিগঞ্জ উপজেলায় বিজ এর পরিচালনাধীন প্রাথমিক বিদ্যালসমূহ ক্ষতিগ্রস্থ হয়। ফলে প্রায় এক হাজার শিক্ষার্থীর স্বাভাবিক পাঠদান ও স্কুল কার্যক্রম ব্যাহত হয়। শিক্ষার্থীদের পড়াশোনার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার লক্ষ্যে বিজ উক্ত প্রাথমিক বিদ্যালয়সমূহ সংস্করনের জন্য ৮২৪,৭৫১ টাকা আর্থিক সহায়তা প্রদান করে।

গত ১৭ ডিসেম্বর ২০২২ এ উক্ত ৭ টি বিদ্যালয়ে সংস্করনের কাজ শুরু করা হয় যা ডিসেম্বর ২০২২ শেষ নাগাদ অব্যাহত ছিল। সংস্করণের মূখ্য কাজগুলো ছিল ক্ষতিগ্রস্ত স্কুলের মাটি ভরাট করা, অফিস ও শ্রেনীকক্ষ, বারান্দার মেঝে এবং দেয়াল মেরামত করা, বাথরুম মেরামত করা, অফিস কক্ষের স্টীল আলমারি, শ্রেনীকক্ষের হোয়াইট বোর্ড এবং ফার্নিচার মেরামত করা বা প্রয়োজনে পরিবর্তন করা ইত্যাদি।

**আন্তর্জাতিক দিবস উদযাপন**

# আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস পালন




দুর্নীতিবিরোধী র‍্যালীতে বিজ নরসিংদী জোনের রায়পুর শাখার কর্মকর্তাগণ

বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) 'আন্তর্জাতিক দুর্নীতিবিরোধী দিবস-২০২২' পালন করেছে। বিশ্বকে দুর্নীতি মুক্ত করার লক্ষ্যে গত ৯ ই ডিসেম্বর ২০২২ তারিখে "দুর্নীতির বিরুদ্ধে ঐক্যবদ্ধ বিশ্ব" এই প্রতিপাদ্য নিয়ে বিশ্বব্যাপী আন্তর্জাতিক দুর্নীতি দিবস-২০২২ পালিত হয়।

প্রতি বছরের ন্যায় এবারও স্থানীয় প্রশাসন এবং দুর্নীতি দমন কমিশন কার্যালয় এর সাথে সমন্বয় রেখে বিজ এর কর্ম এলাকার ছয়টি উপজেলায় দিবসটি পালিত হয়। উক্ত এলাকার বিজ এর কর্মকর্তাগণ অন্যান্য অংশগ্রহনকারীদের সাথে মানববন্ধন, র‍্যালি এবং আলোচনা সভায় অংশগ্রহন করেন।

স্বাস্থ্য বার্তা

# ডায়াবেটিস - একটি নিরব ঘাতক

ডায়াবেটিস শব্দটি আমাদের সবার কাছেই বেশ পরিচিত। ডায়াবেটিস এমনই একটি রোগ যা মানুষের রক্তে গ্লুকোজ এর মাত্রা বৃদ্ধি করে। ডায়াবেটিস কখনো সারে না কিন্তু এই রোগকে সহজেই নিয়ন্ত্রণে রাখা যায়।
এই রোগ সম্পর্কে সচেতনতা বাড়াতে প্রতি বছর ১৪ নভেম্বর বিশ্ব ডায়াবেটিস দিবস পালন করা হয়।

## ডায়াবেটিসের লক্ষণসমূহ

ডায়াবেটিস রোগের সাধারণ কিছু লক্ষণ রয়েছে যা থেকে সহজেই চিহ্নিত করা যায় ডায়াবেটিস। আর যত দ্রুত ডায়াবেটিস চিহ্নিত করা যাবে, তত শীঘ্রই নিতে হবে ডায়াবেটিস নিয়ন্ত্রণ এর জন্য প্রয়োজনীয় পদক্ষেপ।
ডায়াবেটিসের লক্ষণগুলো হলো:
১. ঘন ঘন প্রস্রাব হওয়া
২. তেষ্টা পাওয়া
৩. প্রচণ্ড পরিশ্রান্ত অনুভব করা
৪. ঘন ঘন খিদে পাওয়া
৫. ওজন কমে যাওয়া
৬. শরীরের বিভিন্ন অংশের কাটাছেঁড়া সহজে না সারা
৭. হাতে-পায়ে ব্যথা বা মাঝে মাঝে অবশ হয়ে যাওয়া
৮. চোখে ঝাপসা দেখা

## ডায়াবেটিস হলে করনীয়?

- নিয়মিত চেকআপ করা
- সুশৃঙ্খল জীবনযাপন করা
- ব্যায়াম করা
- বাসায় গ্লুকোমিটার রেখে নিয়মিত রক্তে গ্লুকোজের মাত্রা পরিমাপ করা

ডায়াবেটিস হওয়ার পর যদি কোনো ব্যক্তি এসব মেনে খাওয়ার আগে গ্লুকোজের মাত্রা পাঁচ থেকে ছয় আর খাওয়ার পরে দশের নিচে রাখতে পারেন, তাহলে দীর্ঘ সময় ডায়াবেটিস নিয়েও সুস্থ থাকতে পারবেন। মনে রাখতে হবে, ডায়াবেটিস নিয়ন্ত্রণের জন্য পরিবারের সমর্থন খুবই জরুরি।



# মাঠচিত্রের পরবর্তী সংখ্যার জন্য লেখা আহ্বান

বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ) এর সকল কর্মীর কাছ থেকে তথ্যসমৃদ্ধ সাম্প্রতিক খবরাদি, প্রাসঙ্গিক ছবি, কৃষি, স্বাস্থ্য, শিক্ষা, ঋণের সহায়তা, সাফল্যগাঁথা এবং উন্নয়ন ভাবনা বিষয়ক লেখা আহ্বান করা যাচ্ছে। আপনাদের লেখার মধ্য দিয়েই বিজ এর সফল কর্মকান্ড আমরা পাঠকদের কাছে উপস্থাপন করতে পারবো। এছাড়া সকল বিভাগীয় প্রধানদের সংশ্লিষ্ট বিভাগের সংবাদ ছবিসহ নিম্নোক্ত ঠিকানায় প্রেরণ করার জন্য অনুরোধ করা হল।

নির্বাহী সম্পাদক, মাঠচিত্র।
ইমেইলঃ documentation.bees@gmail.com
ফোনঃ +৮৮০২ ২২২২৬২৬৫৩, ২২২২৮৯৭৩২, ২২২২৮৯৭৩৩





**বাংলাদেশ এক্সটেনশন এডুকেশন সার্ভিসেস (বিজ)**

বাড়ি # ৮/বি, রোড#২৯, গুলশান-১, ঢাকা, বাংলাদেশ.

টেলিফোন: 8802-222289732, 8802-222289733, 8802-222262653

ই-মেইল: info@beesbd.org, beesbd@gmail.com, ওয়েবসাইট: beesbd.org